দৈনিক সংবাদ

বাংলাদেশ নিরাপত্তা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

34

তারিখ 06 FEB 1989
পৃষ্ঠা ... 1 কলাম 5

দু'দল ছাত্রের সংঘর্ষ॥আহত৩

## যশোর সিটি কলেজ বন্ধ ঘোষণা

যশোর, ৫ই ফেব্রুয়ারী (জেলা বার্তা পরিবেশকের ফোন)।—আজ সকালে দুই দল ছাত্রের মধ্যে সংঘর্ষে ৩ জন ছাত্র আহত হওয়ার প্রেক্ষিতে যশোর সরকারী সিটি কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। ছাত্রদের ২৪ ঘন্টার মধ্যে হোস্টেল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে।

গত সপ্তাহে একজন ছাত্রীকে উত্যক্ত করা এবং গতকাল একজন ছাত্রের মোটর সাইকেল নিয়ে গোলযোগের প্রেক্ষিতে আজ

(শেষ পৃ: ৭-এর ক: দ্র:)

**সিটি কলেজ বন্ধ ঘোষণা**

(১ম পাতার পর)

জাতীয়তাবাদী ছাত্র দল ও ছাত্র মৈত্রীর কর্মীদের মধ্যে সংঘর্ষের সূত্রপাত হয়। এতে আহত ছাত্রদল কর্মী সোহেলকে আশংকাজনক অবস্থায় যশোর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।